দৈনিক ইত্তেফাক 4

তারিখ ... 04 JAN 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

25

## প্রাথমিক শিক্ষার ৯২ ভাগ পাঠ্যপুস্তক সরবরাহ সম্পন্ন

প্রাথমিক শিক্ষার বই সরবরাহের উপর এক উচ্চ পর্যায়ের সভা গতকাল (বুধবার) শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন। সভায় জানানো হয় যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের চাহিদা অনুযায়ী প্রায় সাড়ে চার লক্ষ পাঠ্যপুস্তকের মধ্যে চার লক্ষ ১০ হাজার সেট অর্থাৎ মোট চাহিদার শতকরা ৯২ ভাগ ইতিমধ্যে সরবরাহ সমাপ্ত হইয়াছে। মন্ত্রী আগামী এক সপ্তাহের মধ্যে বাকী ৮ ভাগ পাঠ্যপুস্তকের সরবরাহ নিশ্চিত করার জন্য টেক্সট বুক বোর্ডকে নির্দেশ প্রদান করেন। —তথ্য বিবরণী।